# ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন)

## ডিজিটাল কমার্স বা অনলাইন ব্যবসার জন্য ডিবিআইডি নিবন্ধন প্রক্রিয়া বিষয়ক অনলাইন কর্মশালা

**ড. মোঃ মফিজুর রহমান**

ব্যবস্থাপনা পরিচালক

# ভূমিকা

- সারাবিশ্বই এখন ডিজিটাল ওয়ার্ল্ডে রূপান্তরিত হচ্ছে
- অনলাইন ব্যবসার দ্রুত প্রসার
- আমাজন, উবার, পাঠাও ইত্যাদি
- প্রচুর অনলাইন প্লাটফর্ম, পেমেন্ট গেটওয়ে তৈরি হয়েছে
- বাংলাদেশেও ই-কমার্স দ্রুত বৃদ্ধি পাচ্ছে
- একই সঙ্গে নানারকম প্রতারণা/ঠকবাজীর ঘটনা ঘটছে
- ই-ভ্যালী, ধামাকা শপিং, আলেশা মার্ট, ই-অরেঞ্জ, আলাদিনের প্রদীপ, বুমবুম, আদিয়ান মার্ট, নিউ ডটকম, কিউকম, সিরাজগঞ্জ শপ, দালাল প্লাস ইত্যাদি বহু সংখ্যক প্রতারক প্রতিষ্ঠানের জন্ম হয়েছে
- সুতরাং ই-কর্মাস ব্যবসায় শৃঙ্খলা আনয়ন, নিয়ন্ত্রন এবং মনিটরিং জরুরী
- এসব কারনেই নিবন্ধন নির্দেশিকা জারী করা হয়েছে।

# সরকারের উদ্যোগ

- বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮ (২০২০ সালে সংশোধিত) এর অনুচ্ছেদ ৩.৩.৬ এর আলোকে ডিজিটাল বিজনেস আইডেনটিটি (ডিবিআইডি) নিবন্ধন নির্দেশিকা প্রণয়ন;
- ২৯ জুন ২০২২ তারিখ গেজেট আকারে প্রকাশ, বিদ্যমানদের ৯০ দিনের মধ্যে নিবন্ধন করতে হবে;
- ডিজিটাল কমার্স বলতে ইলেক্ট্রনিক/ডিজিটাল বাণিজ্য যা ইন্টারনেট ও অন্যান্য ডিজিটাল নেটওয়ার্ক এর মাধ্যমে ডিজিটাল ডিভাইস ব্যবহার করে পণ্য ও সেবা ক্রয়-বিক্রয় সম্পাদনকে বুঝানো হয়েছে;
- ডিবিআইডি অর্থ ডিজিটাল বিজনেস আইডি যা ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা ২০২১ এর ১২.১৩ এ ইউনিক বিজনেস আইডেনটিফিকেশন নম্বর (ইউবিআইডি) হিসেবে উল্লেখ করা হয়েছে এবং এ ডিবিআইডি অর্থাৎ  পরিচিতি নম্বরটি সিস্টেম প্রদত্ত অনন্য বা ইউনিক হবে (অটো-জেনারেটেড);
- নিবন্ধনের কাজটি করবেন বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন যৌথ মূলধনী কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি)।

# ডিবিআইডি নিবন্ধনের লক্ষ্য ও উদ্দেশ্য

**লক্ষ্যঃ**

- জাতীয় ডিজিটাল কমার্স নীতিমালা ২০১৮ (২০20 সালে সংশোধিত) এবং জাতীয় ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা ২০২১ এর সফল বাস্তবায়নের জন্য সকল ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানকে নিবন্ধনপূর্বক ডিজিটাল কমার্স সেক্টরে শৃঙ্খলা আনয়ন এবং ক্রেতা ও বিক্রেতার মধ্যে একটি বিশ্বাসযোগ্য পরিবেশ তৈরি করা।

**উদ্দেশ্যঃ**

- ক) ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমে স্বচ্ছতা, দায়বদ্ধতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠাকল্পে নিবন্ধন করা;
- খ) দেশের ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের প্রকার ভিত্তিক তালিকা প্রস্তুত করা; এবং
- গ) দেশের প্রচলিত আইন ও বিধিবিধান মেনে চলা ডিজিটাল কমার্স প্রতিষ্ঠান ও উদ্যোক্তাকে আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদান করা।

# আবেদন প্রক্রিয়া

- ডিজিটাল কমার্স পরিচালনাকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান বা আইনানুগ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি নির্দেশিকার সঙ্গে সংযুক্ত নির্দিষ্ট ‘ক’ ফরম অনলাইনে পুরণ করে ডিবিআইডি নিবন্ধনের জন্য আবেদন করবেন।

❑আবেদনে যে সব তথ্য থাকতে/দাখিল করতে হবে:

- আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের নম্বর (কপি দাখিল করতে হবে)
- প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও পরিচালকদের (যদি থাকে) জাতীয় পরিচয় পত্র নম্বর
- ট্রেড লাইসেন্স (যদি থাকে)
- কোম্পানির রেজিষ্ট্রেশেন নম্বর (যদি থাকে)
- ভ্যাট নিবন্ধন নম্বর (যদি থাকে) ও  আয়কর নিবন্ধন নম্বর (যদি থাকে)
- ভাড়া অফিসের ক্ষেত্রে বাড়ি মালিকের জাতীয় পরিচয় পত্রের নম্বর ও ভাড়া চুক্তির কপি দাখিল করতে হবে।

# যে সব ব্যবসা নিবন্ধনের যোগ্য হবে না

- ডিজিটাল কমার্স পরিচালনা নির্দেশিকা ২০২১ এর ৩.১.৩ এবং ৩.১.৪ এ যে সকল ব্যবসা নিষিদ্ধ করা হয়েছে অর্থাৎ ....
- ডিজিটাল মাধ্যমে এমএলএম বা নেটওয়াকিং ব্যবসা
- নেশা সামগ্রির ব্যবসা
- বিস্ফোরক দ্রব্যসহ অন্যান্য নিষিদ্ধ ব্যবসা
- জুয়া বা অনলাইন বেটিং  বা অনলাইন গেম্বলিং পরিচালনা বা অংশগ্রহন) ব্যবসায় জড়িত ব্যক্তি বা প্রতিষ্ঠান ডিবিআইডি'র জন্য বিবেচিত হবে না।

# আরজেএসসি কর্তৃক নিবন্ধন প্রক্রিয়ায় যাচাই বাছাই

- আবেদন প্রাপ্তির পর আরজেএসসি আবেদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম যাচাই করবেন যাতে একই নামে একাধিক ডিবিআইডি প্রদান করা না হয়;
- একই প্রতিষ্ঠানের নামে একাধিক ডিবিআইডি প্রদান করা না হয়;
- আরজেএসসি'র দায়িত্ব প্রাপ্তকর্মকর্তা অথবা সুপারিশকারী সংস্থা অনলাইন সিস্টেমের মাধ্যমে আবেদনকারী সম্পর্কে বেশ কিছু তথ্য যাচাই করবেন;
- ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের স্বক্রিয় ওয়েবসাইট বা সামাজিক যোগাযোগ মাধ্যমে স্বক্রিয় পেইজ আছে কিনা;
- স্বক্রিয় ওয়েবসাইট বা সামাজিক যোগাযোগ মাধ্যমে বাংলায় লিপিবদ্ধ ক্রয়-বিক্রয় এবং অন্যান্য শর্তাবলী সংযুক্ত আছে কিনা;
- ডেলিভারীর সময়সীমা, মূল্যফেরত, পণ্যফেরত, বিক্রয়োত্তর সেবা ইত্যাদি বিষয়গুলি সুস্পষ্টভাবে লিপিবদ্ধ আছে কিনা।

# আরজেএসসি কর্তৃক নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন

- যাচাই বাছাইয়ে সঠিক তথ্য পাওয়া গেলে আরকেএসসি উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ডিবিআইডি নম্বর সম্বলিত একটি সনদ প্রদান করবেন।
- আর যদি তথ্য সঠিক না হয় বা যুক্তিযুক্ত মনে না হয় তবে আবেদন নামঞ্জুর করে তা আবেদনকারীকে অবহিত করা হবে।

# ডিবিআইডি প্রদর্শন

- ডিবিআইডি প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান তার নিজস্ব ওয়েবসাইট বা সামাজিক যোগাযোগ মাধ্যমের পেইজে বাধ্যতামূলকভাবে ডিবিআইডি প্রদর্শন করবেন।
- কোন কারণে ডিবিআইডি বাতিল বা স্থগিত  করা হলে সেটি আর প্রদর্শন করা যাবে না।
- আবেদনকারী প্রয়োজনে তথ্য সংশোধনের আবেদন করলে যাচাই বাছাইক্রমে কর্তৃপক্ষ তা সংশোধন করতে পারবে।
- তথ্য পরিবর্তন হওয়া স্বত্বেও আবেদন না করার কারনে কর্তৃপক্ষ নিজ থেকে কোন সংশোধন করবে না, তবে এ কারণে কোন জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান এর জন্য দায়ী থাকবে।

# ভুল বা মিথ্যা তথ্য প্রদান করলে আইনানুগ ব্যবস্থা

- ডিবিআইডি নিবন্ধন আবেদনে সঠিক/নির্ভুল তথ্য প্রদান করতে হবে।
- 
- ডিবিআইডির আবেদনে কোন ভুল বা মিথ্যা তথ্য প্রদান করা হলে এবং ডিজিটাল কমার্স পলিসি, নির্দেশিকা, ডিজিটাল সিকিউরিটি এ্যাক্ট ২০১৮ বা দেশে প্রচলিত কোন আইনের পরিপন্থি কোন কাজ করিলে কর্তৃপক্ষ ডিবিআইডি বাতিল বা স্থগিত করতে পারবে বা অন্যান্য আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করতে পারবে।

# ডিবিআইডি'র জন্য আবেদন

- যেসকল ব্যাক্তি বা প্রতিষ্ঠান ২৯জুন ২০২২ তারিখের পূর্ব হতেই অনলাইনে ব্যবসা করে আসছে তাদেরকে **২৯ জুন থেকে পরবর্তী ৯০ দিনের মধ্যে** ডিবিআইডি'র জন্য আবেদন করতে হবে ।
- নতুন করে অনলাইনে ব্যবসা করতে হলে আগে ওয়েবসাইট বা সামাজিক যোগাযোগ মাধ্যমে পেইজ খুলে ডিবিআইডির জন্য আবেদন করতে হবে ।
- ডিবিআইডি ব্যতিত ডিজিটাল প্লাটফরমে ব্যবসা করা যাবে না ।
- ডিবিআইডি প্রাপ্ত সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ওয়েব লিংক বা সামাজিক যোগাযোগ মাধ্যমের ওয়েব পেইজের হালনাগাদ তালিকা ডিবিআইডি ওয়েবসাইট, বাণিজ্য মন্ত্রণালয় এবং আরজেএসসির ওয়েবসাইটে প্রকাশ করা হবে ।

# তদারকির দায়িত্ব এবং নির্দেশিকায় প্রয়োজনীয় সংশোধন

- বাণিজ্য মন্ত্রণালয়ের কেন্দ্রিয় ডিজিটাল কর্মাস সেল ডিজিটাল কর্মাস প্রতিষ্ঠানসমূহ তদারকির দায়িত্ব পালন করবে;
- এছাড়াও ডিজিটাল সিকিউরিটি এজেন্সি, আইন শৃঙ্খলা বাহিনী, ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং ইউনিট,বাংলাদেশ ব্যাংক এর পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট ও বিএফআইইউ তাদের জন্য প্রযোজ্য অংশের তদারকি করতে পারবে।
- কর্তৃপক্ষ প্রয়োজনে অংশীজনের সঙ্গে আলোচনাক্রমে ডিবিআইডি নিবন্ধন নির্দেশিকাতে সংশোধন, পরিমার্জন বা পরিবর্তন করতে পারবে।

## কিভাবে অনলাইনে আবেদন করতে হবে ?

- আরজেএসসি“র ওয়েবসাইটে ঢুকতে হবে (https://roc.gov.bd)
- অভ্যন্তরীন ই-সেবাসমূহ
- ডিজিটাল কমার্স প্রতিষ্ঠানের নিবন্ধন
- আবেদন করুন
- মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিতে হবে
- লগ ইন করুন, রেজিষ্টার করুন এবং ফরম পূরণ করে আবেদন করতে হবে।

# মনোযোগ দিয়ে শুনার জন্য ধন্যবাদ

- ????? উত্তর